



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

Website : www.nubd.info/honours

অধ্যক্ষের কার্যালয়
সরকারি কলেজ, বিনাইদহ।
ডাকেট নং... ৪৬৫৬
তারিখ: ১৭/০২/২৪

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/৩১৩৬/৫৭৫৩

তারিখ : ২৩ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
০৬ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনার্স ১ম বর্ষ শিক্ষার্থীদের পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট কোর্সের ইনকোর্স নম্বর প্রদানসহ (নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের যাদের ইনকোর্স নম্বর পূর্বে প্রেরণ করা হয়নি) যাবতীয় কার্যক্রম On-Line এ ১২/০৫/২০২৪ তারিখ থেকে শুরু হবে। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী আবেদন ও বিবরণী ফরমপূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের আবেদন ফরম নিশ্চয়ন করবেন। ফরমপূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

ক্রম নং	পরীক্ষার্থীদের ফি এর বিবরণ	টাকা	আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ	ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ	সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শেষ তারিখ	বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদান/সংরক্ষণ সম্পর্কিত
০১	তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২৫০/-				
০২	তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২০০/-				
০৩	ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২৫০/-				
০৪	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) i) বিশ্ববিদ্যালয়ের ফাভে জমা হবে ১০০/- টাকা ii) কলেজ ফাভে জমা হবে ২০০/- টাকা	৩০০/-				
০৫	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে i) কেন্দ্রের অংশ ১৫০/- টাকা ii) কেন্দ্রের অংশ ৩০০/- টাকা	৪৫০/-	১২/০৫/২০২৪ রবিবার থেকে ০৯/০৬/২০২৪ রবিবার	১০/০৬/২০২৪ সোমবার থেকে ১১/০৬/২০২৪ মঙ্গলবার	১২/০৬/২০২৪ বুধবার থেকে ১৩/০৬/২০২৪ বৃহস্পতিবার	বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করবেন।
০৬	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে	১২০/-		১১:৫৯ মিনিট পর্যন্ত	৮:০০টা পর্যন্ত	
০৭	বিশেষ অন্তর্ভুক্তি ফি (অনিয়মিত/মানোন্নয়ন/ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী- বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	৩০০/-				
০৮	২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীদের সর্বমোট ফি	৫০০০/-				
০৯	C Promoted শিক্ষার্থীর বিশেষ অন্তর্ভুক্তি ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী)	১০০০/-				

০১. আবেদন ফরম সংগ্রহ :

অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (ems.nu.ac.bd/ www.nubd.info/honours) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিক ভাবে পূরণ করে Download-এর মাধ্যমে প্রিন্ট কপি নির্ধারিত ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিবে।

০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছেন) ২০২৩ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।